# প্রুফ সংশোধন

'প্রুফ রিডিং' কথাটি ইংরেজি শব্দ—এর আক্ষরিক অর্থ হল ছাপার ভুল সংশোধন করার জন্য যে প্রক্রিয়া—তাই। এজন্য এর নাম প্রুফ সংশোধন। যে কোন বিষয় ছাপতে গেলে আগে হাতে লিখতে বা টাইপ করে মূল পাণ্ডুলিপিটি প্রস্তুত করতে হয়। সেই পাণ্ডুলিপি ছাপাখানায় বা কম্পিউটারে ডি.টি.পি-তে পাঠাতে হয় কম্পোজ করার জন্য। কিন্তু হাতের লেখার অস্পষ্টতার কারণে বা যিনি অক্ষরগুলি সাজিয়ে বসাবেন তার অসাবধানতার জন্য প্রায়ই কিছু ভুল থেকে যায়। এই ভুলগুলো ছাপার অক্ষরে থাকা বাঞ্ছনীয় নয়। তাই প্রুফ দেখার প্রয়োজনীয়তা অনিবার্য হয়ে ওঠে।

যিনি 'প্রুফ রিডার' বা ছাপার ভুল সংশোধনের কাজ করবেন তাঁকে কয়েকটি বিষয়ের উপর নজর দিতে হবে—

(ক) ছাপার জন্য প্রয়োজনীয় বিষয়বস্তুটি ভাল করে পড়ে নিতে হবে।

(খ) চোখের দৃষ্টি তীক্ষ্ণ হওয়া প্রয়োজন। কোনভাবে যেন ভুল, চোখের দৃষ্টি এড়িয়ে না যায়।

(গ) শব্দের বানান, বাক্যগঠন এবং তার অর্থ বুঝতে হবে।

(ঘ) কোন শব্দের বানান বিভিন্ন রকম রাখা যাবে না। যেমন কোথাও 'আচার্য্য', আবার কোথাও 'আচার্য'—এরকম বাঞ্ছনীয় নয়।

(ঙ) পাণ্ডুলিপি ও প্রুফের মধ্যে যে ফারাক বা তারতম্য সেটা প্রতি অক্ষর, শব্দ ও লাইনের মধ্যে চিহ্নিত করে, পৃষ্ঠার বাম দিক থেকে শুরু করে ক্রমে ডানদিকে তার সংকেত বসাতে হবে। যাতে সংশ্লিষ্ট কর্মী তার ভুলটা সংশোধন করে নিতে পারেন।

(চ) প্রুফ রিডিং শুধু বানান ভুল দেখা নয়, বহিরঙ্গিক সৌন্দর্যের প্রতিও পরীক্ষককে দৃষ্টি দিতে হবে। অর্থাৎ শ্রেণীবদ্ধভাবে সাজানো, কোন্‌টা বড় অক্ষর হবে, কিংবা কোন চিহ্নের মধ্যে ফাঁক ঠিক আছে কিনা ইত্যাদি।

(ছ) একজন প্রুফ রিডার একাধারে হবেন বিভিন্ন বিষয় সম্পর্কে অভিজ্ঞ, বানান সম্পর্কে সচেতন ও ধৈর্যশীল। একজন দক্ষ, অভিজ্ঞ, সচেতন প্রুফ রিডার পুস্তক প্রকাশনার ক্ষেত্রে এক স্তম্ভস্বরূপ।

সর্বোপরি, প্রুফ রিডাররা নান্দনিক দিকের উপরও দৃষ্টি দেবেন।



Scanned with CamScanner

## প্রুফ সংশোধনের নিয়ম :

⌒/ —জুড়ে দাও Close up.

trs./—স্থানান্তরিত কর বা চাল। Transfer.

l.c./—ছোট ছাঁদের হরফ। Small letters. (ইংরাজির ক্ষেত্রে)

Sm. Cap.—বড় ছাঁদের ছোট হরফ। Small Capitals. "

Cap./—বড় অক্ষর। Change to Capital letter "

All Cap—সবগুলো অক্ষর বড় হাতের হবে। All Cap "

Ital/—বাঁকা অক্ষর বসাও। Replace with italic letters.

st.. —কাটা হরফ ঠিক রাখ। Put the lins though penned through.

N.P./—নতুন প্যারা আরম্ভ কর। Begin a new paragraph.

F₂/ —মোটা অক্ষর দাও। Put antique letters.

Run on —এক লাইনে সাজাও। Put in the same line.

δ —তুলে দাও বা বাদ দাও। Delete.

See Copy—কপি ছাড় গেছে। দেখে ঠিক কর। Insert the word or words omitted.

#/ —ফাঁক দাও। Insert space.

ʼ/ —Inverted comma দাও। Put inverted comma.

,/ —কমা বসাও। Put a comma.

⊙/ —ফুল্‌স্টপ্‌ দাও। Put a full-stop.

Eq#/—ফাঁক সমান কর। Equalize spacing

Less #/—ফাঁক্‌ কমাও। Reduce space.

ব/ —কোন অক্ষর নীচে বসলে, যেমন— (উজ্জ্বল)

ধ/ —কোন অক্ষর উপরে বসলে, যেমন— (লব্ধ)

F₁ —সরু হরফ।

Pt. up —টাইপ বড় কর।

Pt. down—টাইপ ছোট কর।

=/ —লাইন সমান কর।

××/ —শব্দ জড়িয়ে গেলে।

Scanned with CamScanner

**নমুনা—১**

❑ **পাণ্ডুলিপি :**

'ঝি' শব্দটির আদি অর্থ ছিল কন্যা বা মেয়ে। এখন 'ঝি' বলতে বাড়ির বেতনভোগী কাজের মেয়েকে বোঝায়। ফলে শব্দটির অর্থবিস্তার ঘটেছে—এবং একই সঙ্গে অর্থাবনতিও ঘটেছে।

* **প্রুফ :**

'ঝি শব্দটির আদি অর্থ ছল কন্যা বা মেয়ে। এখন 'ঝি' বলতে বাড়ির বেতনভুগী কাজের মেয়েকে বোঝায়। ফলে শব্দটির অর্থ বিস্তার ঘটেছে এবং একইসঙ্গে অর্থাবনতিও ঘটেছে।

* **প্রুফ সংশোধন :**

’/ 'ঝি শব্দটির আদি অর্থ ছল কন্যা বা মেয়ে। ছি/
এখন 'ঝি' বলতে বাড়ির বেতনভুগী কাজের ভো/
মেয়েকে বোঝায়। ফলে শব্দটির অর্থ বিস্তার ⁀
—/ ঘটেছে এবং একইসঙ্গে অর্থাবনতিও ঘটেছে। #/

○ **বিশ্লেষণ :**

| পাণ্ডুলিপি | প্রুফ | সংশোধনের রূপ |
|---|---|---|
| 'ঝি' | 'ঝি | ’/ |
| ছিল | ছল | ছি/ |
| বেতনভোগী | বেতনভুগী | ভো/ |
| অর্থবিস্তার | অর্থ বিস্তার | ⁀/ |
| ঘটেছে— | ঘটেছে | —/ |
| একই সঙ্গে | একইসঙ্গে | #/ |

□ পাণ্ডুলিপি :

নিস্তব্ধ গ্রামের সন্ধ্যা। গরুর গাড়ির শব্দে নির্জন পথ সচকিত হইয়া উঠিয়াছিল, আবার তাহা স্তব্ধতায় ডুবিয়া গিয়াছে। উঠানের তেঁতুল গাছটার পাতা যেন বিনা বাতাসেই কাঁপিতেছে। দূরে সজিনা গাছের উপর দিয়া একটা লতা মাটির দিকে ঝুঁকিয়া আছে। তাহাতে ফুল নাই, কুঁড়িও নাই। পাতার সম্পদে ভরা—যেন কোন দৈন্যই নাই।

✿ প্রুফ :

নিস্তব্দ্ধ গামের সন্ধা। গরুর গাড়ির শব্দে নির্জনপথ সচকিত হইয়া উঠিয়া ছিল। আবার তাহা স্তব্দ্ধ তায় ডুচিয়া গিয়াছে। তেঁতুল গাছটার যেন বিনা বাতাসেই কাঁপিতেছে। দূরে সজিনা গার উপর দিয়া এক টা লতা মাটির দিকে ঝুঁকিয়া আছে। তারে ফুল নাই কুঁড়িও নাই। পাতার সম্পদে ভরা যে কোন দৈন্য নাই।

✿ প্রুফ সংশোধন :

স্ক/গ্র/ নিস্তব্দ্ধ গামের সন্ধা। গরুর গাড়ির শব্দে ধ/
#/ নির্জনপথ সচকিত হইয়া উঠিয়া ছিল। আবার ৎ/ য়
স্ক/ধ/ তাহা স্তব্দ্ধ তায় ডুচিয়া গিয়াছে। তেঁতুল গাছটার ব/ উঠানের
পাতা/ যেন বিনা বাতাসেই কাঁপিতেছে। দূরে সজিনা
ছে/ গার উপর দিয়া এক টা লতা মাটির দিকে ঝুঁকিয়া ৎ
হা/ত/ আছে। তারে ফুল নাই কুঁড়িও নাই। পাতার ,/
সম্পদে ভরা যে কোন দৈন্য নাই। —/ ন/ ই

**❑ পাণ্ডুলিপি :**

নেমেছে গল্পের রাজা বাস্তবের প্রকাশ্য রাস্তায়।
আবার হাততালি উঠছে মুহুর্মুহু ;
জমে উঠছে
স্তাবকবৃন্দের ভিড়।
কিন্তু সেই শিশুটিকে আমি
ভিড়ের ভিতরে আজ কোথাও দেখছি না।
শিশুটি কোথায় গেল? কেউ কি কোথাও তাকে কোনো
পাহাড়ের গোপন গুহায়
লুকিয়ে রেখেছে?

('উলঙ্গ রাজা' থেকে অংশবিশেষ—
নীরেন্দ্রনাথ চক্রবর্তী)

**❀ প্রুফ :**

নেমেছে গল্পের রাজা বাস্তবের প্রকাশ রাস্তায়
আবার হাততালি উঠছে মুর্হূমুহূ
জমে উঠেছে স্তাবকবৃন্দের ভিড়।
কিন্তু সেই শিশুটিকে আমি
ভিড়ের ভিতর আজ কোথাও দেখছি না।
শিশুটি কোথায় গেল? কেউ কি কোথাও তাকে
কোনো পাহাড়ের গোপন গুহায় লুকিয়ে রেখেছে?

**✡ প্রুফ সংশোধন :**

নেমেছে গল্পের রাজা বাস্তবের প্রকাশ রাস্তায়
আবার হাততালি উঠছে মুর্হূমুহূ
জমে উঠেছে স্তাবকবৃন্দের ভিড়।
কিন্তু সেই শিশুটিকে আমি
ভিড়ের ভিতর আজ কোথাও দেখছি না।
শিশুটি কোথায় গেল? কেউ কি কোথাও তাকে
কোনো পাহাড়ের গোপন গুহায় লুকিয়ে রেখেছে?